গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www. mofood.gov.bd

**স্মারক নম্বর:** ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.১৭.১৩০

তারিখ: ৮ আষাঢ় ১৪৩৩ / ২২ জুন ২০২৬

বিষয়: **খাদ্যবান্ধব কর্মসূচিতে আগস্ট/২৬ মাসের চাল জুলাই/২৬ মাসে এবং সেপ্টেম্বর/২৬ মাসের চাল আগস্ট/২৬ মাসে উত্তোলনপূর্বক যথাক্রমে আগস্ট/২৬ ও সেপ্টেম্বর/২৬ মাসে বিতরণ সংক্রান্ত।**

সূত্র: খাদ্য অধিদপ্তরের স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.০৫২.৫৭.০০০১.২০.৫৪৮; তরিখ: ২০ মে ২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে গুদাম ধারণক্ষমতার সংকট নিরসন এবং সংগ্রহ কার্যক্রম নির্বিঘ্ন রাখার স্বার্থে খাদ্যবান্ধব কর্মসূচির আগস্ট ২০২৬খ্রি. মাসের জন্য বরাদ্দকৃত চাল ১৫ জুলাই ২০২৬খ্রি. তারিখ হতে এবং সেপ্টেম্বর ২০২৬খ্রি. মাসের জন্য বরাদ্দকৃত চাল ১৫ আগস্ট ২০২৬খ্রি. তারিখ হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অগ্রিম উত্তোলনের অনুমোদন প্রদান করা হলো:

## শর্তসমূহ:

(ক) আগস্ট ২০২৬ মাসের জন্য অগ্রিম উত্তোলিত চাল আগস্ট ২০২৬ মাসে এবং সেপ্টেম্বর ২০২৬ মাসের জন্য উত্তোলিত চাল সেপ্টেম্বর মাসেই বিতরণ করতে হবে, কোনো অবস্থাতেই নির্ধারিত সময়ের পূর্বে বিতরণ করা যাবে না;

(খ) ভবিষ্যতে এই অগ্রিম উত্তোলনের অনুমোদনকে নজির (precedent) হিসেবে উল্লেখ করা যাবেনা;

(গ) ডিলার কর্তৃক উত্তোলিত চালই উপকারভোগীদের মাঝে বিতরণ করা হচ্ছে মর্মে ট্যাগ অফিসার/সংশ্লিষ্ট কর্মকর্তা প্রত্যয়ন করবেন;

(ঘ) উত্তোলিত চালের সংরক্ষণ ও বিতরণ কার্যক্রমে খাদ্য অধিদপ্তর কর্তৃক কঠোর তদারকি ও মনিটরিং নিশ্চিত করতে হবে; এবং

(ঙ) উত্তোলিত চালের কোনো প্রকার ঘাটতি, গুণগত মানহানি, আত্মসাৎ বা অনিয়মের সম্পূর্ণ দায় সংশ্লিষ্ট খাদ্য বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ এবং সংশ্লিষ্ট ডিলার কর্তৃক বহন করতে হবে।

০২। বর্ণিত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-০৬-২০২৬

জয়নাল মোল্লা
উপসচিব
ফোন : +৮৮০২৯৫১৪৬১৬
ফ্যাক্স : +৮৮০২৯৫১৪৬৭৮
ইমেইল : dssupply1@mofood.gov.bd



মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।

**স্মারক নম্বর:** ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.১৭.১৩০/১ (৪)

তারিখ: ৮ আষাঢ় ১৪৩৩
২২ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব , সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব, সরবরাহ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।

২২-০৬-২০২৬
জয়নাল মোল্লা
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
সরবরাহ, বণ্টন ও বিপণন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
https://dgfood.gov.bd

**স্মারক নম্বর:** ১৩.০১.০০০০.০০০.০৫২.৫৭.০০০১.২০.৬১০

তারিখ: ৮ আষাঢ় ১৪৩৩ ব
২২ জুন ২০২৬ খ্রি

বিষয়: **খাদ্যবান্ধব কর্মসূচিতে আগস্ট/২৬ মাসের চাল জুলাই/২৬ মাসে এবং সেপ্টেম্বর/২৬ মাসের চাল আগস্ট/২৬ মাসে উত্তোলনপূর্বক যথাক্রমে আগস্ট/২৬ ও সেপ্টেম্বর/২৬ মাসে বিতরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পত্রটি নির্দেশক্রমে পৃষ্ঠাংকন করা হলো।

২২-০৬-২০২৬
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)।

**স্মারক নম্বর:** ১৩.০১.০০০০.০০০.০৫২.৫৭.০০০১.২০.৬১০/১ (৬)

তারিখ: ৮ আষাঢ় ১৪৩৩ ব
২২ জুন ২০২৬ খ্রি

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।
২। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর।
৩। যুগ্মসচিব, সরবরাহ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর।
৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)।
৬। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর।

২২-০৬-২০২৬
মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঁঞা
উপপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
খুলনা
food.khulna.gov.bd

তারিখ: ১০ আষাঢ় ১৪৩৩
২৪ জুন ২০২৬

**স্মারক নম্বর:** ১৩.০৫.৪৭০০.০০০.০০০.৯৯.০০১৬.২৫.৫৩৩

বিষয়: **খাদ্যবান্ধব কর্মসূচিতে আগস্ট/২৬ মাসের চাল জুলাই/২৬ মাসে এবং সেপ্টেম্বর/২৬ মাসের চাল আগস্ট/২৬ মাসে উত্তোলনপূর্বক যথাক্রমে আগস্ট/২৬ ও সেপ্টেম্বর/২৬ মাসে বিতরণ সংক্রান্ত।**

অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রেরণ করা হলো। পত্রে উল্লেখিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

**সংযুক্তিসমূহঃ**
(১) স্মারক ১৩০
(২) 13_01_0000_000_052_57_0001_20_610-2026-06-22-1782139662

২৪-০৬-২০২৬
মোহাম্মদ তানভীর হোসেন
জেলা খাদ্য নিয়ন্ত্রক

বিতরণ:

১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ...................................., খুলনা।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), ......................................... এলএসডি, খুলনা।

**স্মারক নম্বর:** ১৩.০৫.৪৭০০.০০০.০০০.৯৯.০০১৬.২৫.৫৩৩/১ (২)

তারিখ: ১০ আষাঢ় ১৪৩৩
২৪ জুন ২০২৬

সদয় জ্ঞাতার্থে:
১। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা।

২৪-০৬-২০২৬
মোহাম্মদ তানভীর হোসেন
জেলা খাদ্য নিয়ন্ত্রক